

# বাংলা ট্রিবিউন

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের পিস ক্যাফেতে ইউএন উইমেন প্রতিনিধি দল

জাককানইবি প্রতিনিধি

প্রকাশিত : ২০:০৯, জানুয়ারি ২৮, ২০২০ | সর্বশেষ আপডেট : ২০:১৬, জানুয়ারি ২৮, ২০২০



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উইম্যান পিস ক্যাফে পরিদর্শন করেন ইউএন উইমেন বাংলাদেশের প্রতিনিধি দল।

আজ ২৮ জানুয়ারি (মঙ্গলবার) সকাল ১০টায় উইম্যান পিস ক্যাফের সদস্যদের সাথে সাক্ষাৎ করেন তারা। এসময় উপস্থিত ছিলেন ইউএন উইমেনের মনিটরিং অ্যান্ড রিপোর্টিং স্পেশালিষ্ট গেইল ডেমোলিস, ইউএন উইমেন বাংলাদেশের মনিটরিং অ্যান্ড রিপোর্টিং এনালিস্ট আসমা আফরিন হক, সেন্টার ফর পিস এন্ড জাস্টিস, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের গবেষণা সমন্বয়ক মুহাম্মদ বদিউজ্জামান, প্রজেক্ট ম্যানেজার জিয়া উদ্দিন, উইমেন পিস ক্যাফের চিফ মেন্টর সহকারী অধ্যাপক অলি উল্লাহ, মেন্টর, ফোকলোর বিভাগের বিভাগীয় প্রধান সাকার মুস্তাফা, নৃ-বিজ্ঞান বিভাগের প্রভাষক জান্নাতুল নাঈম এবং সিপিজের কমিউনিকেশন এসিস্ট্যান্ট মোঃ ওয়াহিদুল ইসলাম।

তারা বিশ্ববিদ্যালয়ের উইম্যান পিস ক্যাফের সদস্য, মেন্টরদের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সবশেষে গেল নভেম্বরে অনুষ্ঠিত সংগঠনটির উদ্বোধনী অনুষ্ঠানে সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণকারীদেরকে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে বেলা ১১টায় এই প্রতিনিধি দল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

উল্লেখ্য, উইমেন পিস ক্যাফে শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠায় নারী ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-বাস্তবায়ন এবং নারী উদ্যোক্তা তৈরিতে একটি সৃষ্টিশীল প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে যাচ্ছে এবং ইউএন উইমেনের এমপাওয়ার্ড উইম্যান পিসফুল কমিউনিটিজ প্রকল্পের আওতায় সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে), ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় দেশে প্রথমবারের মতো দুইটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে (জাককানইবি ও বেরোবি) প্রতিষ্ঠিত হয় এই পিস ক্যাফে।